দৈনিক বাংলা

তারিখ ... ১৩।৭।৭৪
পৃষ্ঠা... ... ...কলাম... ...

183

# শিক্ষক সমিতির (কামরুজ্জামান) সাত দফা

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরুজ্জামান) অবিলম্বে তাদের সাত দফা দাবী মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

মঙ্গলবার সমিতির সভাপতি জনাব কামরুজ্জামান ও সাধারণ সম্পাদিকা মিসেস হেনা দাশ জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে তাঁদের সাত দফা দাবীর উল্লেখ করে বলেন, এই দাবীর প্রেক্ষিতে আগামীকাল বৃহস্পতিবার থেকে পর পর তিন দিন সারাদেশের বেসরকারী স্কুলের শিক্ষকরা দু' ঘন্টা প্রতীক কর্মবিরতি পালন করবে। এই কর্মবিরতি স্কুল আরম্ভ হবার পর শুরু হবে বলে তাঁরা উল্লেখ করেন।

তাঁরা আরো জানান: উপরোক্ত সময়ের মধ্যে দাবী পূরণ না হলে আগামী ২০শে সেপ্টেম্বর সংগঠনের কেন্দ্রীয় কমিটির সভায় অনির্দিষ্টকালের জন্যে কর্মবিরতি পালনের সিদ্ধান্ত নেয়া হবে।

অপর এক প্রশ্নের উত্তরে তাঁরা বলেন: সারাদেশে তাঁদের সংগঠনভুক্ত প্রায় ৮০ হাজার শিক্ষক রয়েছেন। এঁরা প্রায় সবাই কর্মবিরতি আন্দোলনে সাড়া দেবেন বলে তাঁরা আশাবাদী।

উল্লেখ্য যে শিক্ষক সমিতির সাত-দফা দাবীর মধ্যে শিক্ষক ও কেরানীদের কল্যাণভাতা ন্যূনপক্ষে ২ শ' টাকা ও অন্যান্য কর্মচারীদের দেড় শ' টাকা, শিক্ষকদের চাকরিবিধি সম্পর্কে ৯ সদস্য কমিটির সুপারিশ প্রকাশ এবং উক্ত সুপারিশ অনুযায়ী চাকরিবিধি প্রচলন, সরকারী-বেসরকারী বৈষম্য দূর, ম্যানেজিং কমিটি গঠনে আগের মত গণতান্ত্রিক বিধি চালু প্রভৃতি দাবী অন্তর্ভুক্ত।